দৈনিক খবর

তারিখ 26 JAN 1992
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষক অফিসার অপ্রীতিকর ঘটনার জের

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কক্ষ ভাঙচুর

কুষ্টিয়াঃ ২৫শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।– আজ সকাল ১০টায় একদল ছাত্র ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস কক্ষ ভাঙচুর করে। এ সময় ভিসি'র সচিব গোলাম সাকলাইন ও ডেপুটি রেজিষ্টার হামলাকারীদের হাতে লাঞ্ছিত হন। এ ঘটনার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের সর্বস্তর কর্মকর্তা আক্রমণকারীদের বিচার না হওয়া পর্যন্ত কাজে যোগ না দেবার সিদ্ধান্ত নিয়েছেন।

জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইংরাজী নববর্ষের ডাইরীতে হিসাব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ডঃ মান্নানের নাম অন্য আরেকজন শিক্ষকের নামের নিচে দেয়াকে কেন্দ্র করে গণসংযোগ কর্মকর্তা গোলাম সাকলাইনের সাথে তার উত্তপ্ত বাক্য বিনিময় হয়। এক পর্যায়ে অভদ্রজনিত ভাষায় গালাগালি করলে জনাব সাকলাইন অফিসার সমিতির কাছে অভিযোগ করেন। সমিতির পক্ষ থেকে ডঃ মান্নানের এহেন আচরণের প্রতিবাদে একটি স্মারকলিপি উপাচার্যের কাছে হস্তান্তর করা হয়। এই ঘটনার কারণে আজ একদল ছাত্র একটি মিছিল বের করে উপাচার্যের অফিসে যায় এবং এক পর্যায়ে অফিস ভাঙচুর করে। পরিস্থিতি জটিল হলে কর্তৃপক্ষ পুলিশকে খবর দেয়।